


আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গৌরবদীপ্ত এই দিনে বিশ্বের সকল বাংলা ভাষাভাষীদের সাথে আমরাও গর্বিত

রোপিত চারার পরিচর্যা

- রোপিত চারা গাছের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করলে সে গাছ তর তর করে বেড়ে উঠবে।
- গরু ছাগলের হাত থেকে চারা গাছকে রক্ষা করতে প্রয়োজন বোধে ঘেরাবেড়া দিতে হবে অথবা বড় চারা লাগাতে হবে।
- নিয়মিত চারাগাছের আগাছা পরিষ্কার করতে হবে।
- চারা গাছের বৃদ্ধির জন্য পরিমিত রাসায়নিক সার প্রয়োগ করতে হবে।
- গাছকে সোজা হয়ে বেড়ে উঠার জন্য শক্ত খুঁটির সংগে বেঁধে দিতে হবে।
- শুকনো মৌসুমে চারার গোড়ার মাটি কুপিয়ে গুঁড়ো করে পানি ছিটিয়ে কচুরিপানা দিয়ে ঢেকে দিলে আর্দ্রতা সংরক্ষণ হবে।
- পোকা মাকড় চারা গাছের ক্ষতি করতে পারে। সে সর্বের প্রতিকারের ব্যবস্থাও নিতে হবে।
- চারা গাছে অতিরিক্ত শাখা গজালে তা ছেঁটে দিতে হবে। এতে করে গাছের কাণ্ড সোজা হয়ে বাড়তে থাকবে।
- বাগানে রোপিত চারা গাছ বড় হবার বিভিন্ন পর্যায়ে মাঝে মাঝে কেটে পাতলা করতে হবে। এতে করে গাছের গুণগতমান বৃদ্ধি পাবে।
- রোপিত চারার পরিচর্যা করে আপনি ভবিষ্যতে লাভবান হবেন, অর্জন করতে পারেন বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার।
- আজকের চারা গাছ আগামী দিনের সম্পদ।
- পরিবেশের ভারসাম্য রক্ষা করতে এবং আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে হলে প্রয়োজন বেশী করে গাছ লাগানো আর এর উপযুক্ত পরিচর্যা করা।
- মনে রাখবেন, পরিবেশ বিপর্যয় ঠেকাতে গাছের কোন বিকল্প নাই।



বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ১৯৯৯ অনুষ্ঠানে -
বৃক্ষরোপণে বিশেষ অবদান রাখার জন্য জনৈক ব্যক্তিকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
জাতীয় পুরস্কার প্রদান করছেন।

উপকূলীয় সবুজ বেষ্টিনী প্রকল্প


বাংলাদেশ বন বিভাগ, পরিবেশ ও বন মন্ত্রণালয়

ডিএফপি-৪৬৩২-২০/২/২০০১

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহীদদের প্রতি আমাদের শ্রদ্ধাঞ্জলি

বাজার চাহিদা অনুযায়ী কৃষি পণ্য উৎপাদনের পরিকল্পনা করুন

- কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি ও বাজারজাতকরণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তুলুন। এতে বড় বাজারসমূহে পণ্য নেয়া ও বিক্রি সম্ভব হবে এবং আপনার আয় বাড়বে। মনে রাখতে হবে একতাই বল।
- উপযুক্ত ও সঠিক উপায়ে কৃষি পণ্য সংরক্ষণ করুন এবং উপযুক্ত সময়ে বিক্রি করে আপনার আয় বৃদ্ধি করুন। এ ব্যাপারে নিকটস্থ শস্য গুদাম ঋণ প্রকল্পের গুদামসমূহে কম খরচে শস্য পণ্য সংরক্ষণ ও ঋণ প্রাপ্তির সুযোগ নিতে পারেন।
- কৃষি পণ্য সঠিক পদ্ধতিতে সংরক্ষণ করলে অপচয় কম হবে এবং ফসলের পুষ্টিমানও বজায় থাকবে, যা আর্থিক দিক দিয়ে আপনাকে লাভবান করবে।
- গ্রামীণ পর্যায়ে ফলমূল ও শাক-সব্জির স্বাস্থ্যসম্মত ক্ষুদ্র প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা গড়ে তুলুন। প্রক্রিয়াজাতকৃত পণ্য পরবর্তী সময়ে ব্যবহার বা বিক্রির ব্যবস্থা করুন। এতে আপনার আয় বৃদ্ধি পাবে।
- স্বাস্থ্যসম্মত ব্যবস্থায় প্রক্রিয়াজাত করবেন। এতে পণ্যের মান বৃদ্ধির পাশাপাশি অপচয় রোধ এবং দেশী ও আন্তর্জাতিক বাজারে গড় মৌসুমে পণ্য সরবরাহ সম্ভব হবে।
- বর্তমান বিশ্ব বাজারে প্রতিযোগিতা মোকাবিলা করতে আপনার পণ্যের উপযুক্ত ও আধুনিক প্রক্রিয়াজাত ব্যবস্থা গ্রহণ করুন।
- বিশ্ব বাজারে পণ্যের সাথে উন্নত আধুনিক দৃশ্যমান প্যাকেজিং-এর গুরুত্ব অপরিহার্য। এ বিষয়ে প্রস্তুতকারী এবং রপ্তানিকারী প্রতিষ্ঠানকে সচেতন হতে হবে এবং আন্তর্জাতিক বাজার আকৃষ্টি করার ক্ষেত্রে চাহিদা অনুযায়ী পণ্যের প্যাকেজিং ব্যবস্থায় পরিবর্তন আনতে হবে।
- জমি থেকে ফসল কাটা বা তোলা এবং মাড়াই-এর সময় যত্নবান হোন। এতে ফসলের উৎপাদনজনিত ক্ষয়ক্ষতি হ্রাস পাবে।
- কৃষি পণ্য উৎপাদন ও বিপণন খরচের খাতগুলো চিহ্নিত করুন এবং অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করুন। এতে আপনার পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিত হবে।



- ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য গ্রেডিং করে ফসল বিক্রয়ের ব্যবস্থা করুন যা আপনার পণ্যের ভাল মূল্য পেতে সাহায্য করবে।
- প্রয়োজনীয় বাজার তথ্য আপনার কৃষি পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির ক্ষেত্রে খুবই সহায়ক। পচনশীল পণ্য দ্রুত বিক্রয়ের ব্যবস্থা নিবেন।
- ফসলের গুণাগুণ যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখুন এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিন।



কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা-১২১৫

ডিএফপি-৪৬৩২-২০/২/২০০১